

ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
এক নজরে আইন বিভাগ
কার্যাবলী

আইন বিভাগ ডিএনসিসি'র দৈনন্দিন আইনী জটিলতা হ্রাসসহ পক্ষে বিপক্ষে দায়েরকৃত মামলা পরিচালনা করে থাকে। প্যানেল আইনজীবীর পরামর্শ ও সহযোগিতায় আইন বিভাগের কার্যক্রম সম্পন্ন হয়। এই বিভাগের কার্যাবলী সুশৃংখলভাবে পরিচালনার জন্য 'মামলা ও আইনী কার্যক্রম পরিচালনা নীতিমালা' নামে একটি নীতিমালা রয়েছে। এ বিভাগ হতে সাধারণতঃ নিম্নোক্ত কার্যাবলী পরিচালনা হয়ে থাকেঃ-

- লিগ্যাল নোটিশ সংক্রান্ত কার্যাবলী নিষ্পত্তি করা।
- ডিএনসিসি'র বিপক্ষে দায়েরকৃত মামলা পরিচালনা করা।
- ডিএনসিসি'র পক্ষে মামলা দায়ের ও পরিচালনা করা।
- ডিএনসিসি'র পক্ষে/বিপক্ষে মামলা পরিচালনার জন্য আইনজীবী নিয়োগ করা।
- আদালতের আদেশ বাস্তবায়নে সমন্বয় করা।
- আদালতের আদেশ বাস্তবায়ন প্রতিবেদনসহ Compliance দাখিলে সমন্বয় করা।
- আরজির দফাওয়ারী জবাব ও প্রমানক ডকুমেন্টস সংগ্রহ করা।
- সাক্ষ্য প্রদান কার্যক্রম সমন্বয় করা।
- হলফনামা দাখিল কার্যক্রম সমন্বয় করা।
- নিয়মিত আইনজীবীর চেম্বারে গমন ও মামলা পরিচালনায় সহযোগিতা করা।
- আইনজীবীর সাথে নিয়মিত চিঠিপত্র, ফোন, ই-মেইল ও ফ্যাক্স মাধ্যমে যোগাযোগ করা।
- সংশ্লিষ্ট বিভাগ/অঞ্চলের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/ফোকাল অফিসারের সাথে চিঠিপত্র, ফোন, ইমেইল ও ফ্যাক্স মাধ্যমে যোগাযোগ করা।
- Arbitration কার্যক্রম পরিচালনা করা।
- বিরোধ বা মামলা (Out of Court) আপোষে নিষ্পত্তি করা।
- বেহাত হওয়া স্থাবর ও অস্থাবর সম্পত্তি উদ্ধারে আইনগত পদক্ষেপ গ্রহণ করা।
- লিগ্যাল অডিট পরিচালনা করা।
- মুসলিম পারিবারিক আইন অনুযায়ী বিবাহ বিচ্ছেদ সংক্রান্ত নোটিশ নিষ্পত্তি করা।
- দৈনন্দিন আইনী জটিলতায় আইনগত মতামত প্রদান করা।
- বিবিধ।